## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্ম প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৮শে আশ্বিন বুধবার ১৩৬৫ ইংরাজী 15th Oct. 1958 { ২২শ সংখ্যা

২৩শে আশ্বিন ১৮৮০ শকাব্দ




ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Sarkar

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

### শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

## আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৮শে আশ্বিন বুধবার সন ১৩৬৫ সাল।

# শারদীয় মহোৎসব
## না
# নারদীয় মহোৎপাত

—৹—

রাবণ-বধার্থে রামচন্দ্র শরৎকালে মহামায়া দুর্গা দেবীর অকাল বোধন করিয়া অর্চ্চনা করিয়াছিলেন। শরৎকালে পূজা বলিয়া শারদীয় মহাপূজার শারদীয় মহোৎসব নাম হইয়াছে।

দেবর্ষি নারদ কলহের দেবতা বলিয়া পরিচিত। কারণ দুই দলে ঝগড়া লাগাইয়া দিয়া মজা দেখা বা পরের দ্বন্দ্বের আনন্দ উপভোগ করা নারদের স্বভাব-সিদ্ধ গুণ। বর্ত্তমানে হিন্দুর শ্রেষ্ঠ পর্ব্ব দুর্গোৎসবে আর বিশুদ্ধ আনন্দ প্রায় কাহারও অদৃষ্টে হয় কিনা সন্দেহ। আবার বুঝি বিশ্বব্যাপিয়া তৃতীয় মহাযুদ্ধ লাগে লাগে এই আশঙ্কা অনেকেই করিতেছেন। মা দুর্গাকে আমরা সকলে বিশ্বজননী বলিয়া থাকি। তাঁর এই মহাপূজায় বিশ্বের সমস্ত শিল্পীরা তাঁহাদের শিল্পদ্রব্যাদি বিক্রয় করিয়া লাভবান হইয়া থাকেন। আজ সমস্ত বিশ্বে দ্বন্দ্ব কলহাদি লাগিয়াই আছে। কাজেই একে নারদের নামানুসারে **নারদীয় উৎপাত** বলা চলে।

স্বাধীনতা লাভের পর ভারত আর পাকীস্থানে মা দুর্গার পূজা হইত। পাকীস্থান হইতে হিন্দুরা বিতারিত হওয়ার পরও যাঁহারা ছিলেন, তাঁহারা কৌলিক বজায় রাখিবার জন্য অন্ততঃ ঘটেও পূজা করিয়া পূর্ব্ব পুরুষের কীর্ত্তি বজায় রাখিবার চেষ্টা করিয়াছেন। বর্ত্তমানে পাকীস্থান যুদ্ধের প্রধান শক্তি সামরিক-বাহিনীর শাসনাধীনে গুতোর চোটে মুনফাখোর ও কালবাজারীকে ঠাণ্ডা করিয়া নিত্য ব্যবহার্য্য দ্রব্যাদির মূল্য সুলভতর করিয়া আনিয়াছে। রাজনৈতিক পৃথক পৃথক মুসলমান দলে কলহ করিয়া নারদের আনন্দ বর্দ্ধন করিতে সমর্থ হইয়া এই ফৌজের কোঁৎকা আমন্ত্রণ করিয়া চারিদিকে উৎপাত আনিয়াছে।

সুতরাং নারদীয় উৎপাত সুফলও আনিয়াছে বলিতে হইবে। শারদীয় উৎসবে মায়ের যে মূর্ত্তি নির্ম্মাণ করা হয় তাহা রণবেশ অতএব মা যে ভাবেই হউক তুমি যে অন্নপূর্ণা তাহা ভুলিলে চলিবে না। শারদীয় মহোৎসবেই হউক বা নারদীয় মহোৎপাতেই হউক—**মা অন্নদে! অন্ন দে।**

---

# মুক্তকণ্ঠে যুক্তাক্ষর ছন্দে দ্বন্দ্ব মায়ের সনে

—•—

( ১ )

পাষাণের বেটী পাষাণী দুর্গা
আসিছে আবার বঙ্গে—
ছাড়াছাড়ি নাই, এবার ঝগড়া
করিব বেটীর সঙ্গে—

( ২ )

মুখ চেয়ে আর বলিব না কথা
বলিব এবার স্পষ্ট—
তোর আগমনে সুখ পাব কি মা,
বেড়ে উঠে আরও কষ্ট।

( ৩ )

যখন আমার বয়স কেবল
পঞ্চ ষষ্ঠ বর্ষ
প্রতিমা গড়িতে কারিকর এলে
হতো মনে কত হর্ষ।

( ৪ )

পাঠশালে যবে পড়িতাম আমি
তখনো হতো আনন্দ—
বেশ মনে আছে হইতাম খুসী
পাঠশালা হলে বন্ধ।

( ৫ )

যতদিন হ'তে সংসার ভার
দিয়েছ আমার স্কন্ধে—
আনন্দময়ীর আগমনে আমি
ডুবে থাকি নিরানন্দে।

( ৬ )

বৃক্ষ আছে ফল ধরে না মা তাতে,
জমি আছে নাই শস্য,
কিন্তু আমারে দিয়েছ জুটিয়ে,
অনেকগুলি পোষ্য।

( ৭ )

ক্রমে ক্রমে দেখি তারা সবগুলি
হ'তে চায় বেশ সভ্য;
কাঙাল যে আমি, কেমনে যোগাই
তাদের বিলাস দ্রব্য!

( ৮ )

কৈলাসেতে থাকো, গায়ে ছাই মাখো,
পরণে বাঘের চর্ম্ম,
আসিয়া মাতাও বিলাসের ঢেউ
বুঝিনা ইহার মর্ম্ম!

( ৯ )

তুই মা দুর্গে, ধনীর জননী—
বৃথা তোর সনে তর্ক!
উচিত নয় মা, তোর সনে আর
রাখা কোন সম্পর্ক!

( ১০ )

"মা! মা!" বলিয়া ডাকিব না আর
আড়ি দিনু তোর সঙ্গে—
বলিব—দেহান্তে দুখান্ত কর্ মা
পতিতপাবনী গঙ্গে!


---



শিব—পার্ব্বতি! এবার কৈলাসেই থাকো। ছেলে-মেয়ে নিয়ে যাওয়া খুব কঠিন। পাকীস্থান দিয়ে যাওয়া নিরাপদ নয়। গণশা বেটার ভক্তদের খুব বিপদ! মুনফা খোরের ফাঁসি। ঐ শোনো মাইকের আওয়াজ কৈলাস পর্য্যন্ত চালিয়েছে। আমার শিঙা ডুম্বুর হার মানে ওদের কাছে। তাই বলি যেয়ো না। ভক্তি চাঁদা আদায়ে যত পূজায় তত নাই।



শেঠজী—প্রভু গণেশজী! হামারা ওয়াস্তে সরস্বতী মায়ীসে বুদ্ধি লেকে গাওয়া দেনে পড়ে গা। কৃপা কিজিয়ে। মেরা সত্যানাশ! প্রাণনাশ।



সরকার পক্ষের এডভোকেট তাঁকে জেরায় জেরায় নাজেহাল করতে শুরু করেছে।

কার্ত্তিক—ধনুর্ব্বাণে চলবে না। রাইফেল প্র্যাক্টিস করছি। মুলুক মিলিটারীর আণ্ডারে। এ বৎসর যাচ্ছি না।

# সব বিগাড় গিয়া

—•—

বড়ে বড়ে আফসার রিসবৎ খাতা হ্যায়।
হাম লোগনকা কসুর কৌন্ পাকড়ে গা—
লঙ্কা মে আগ জ্বল্ গিয়া



রাবণকো মন্দদরিয়া বুঝায়ি—
রাম বিগাড়ে, লছমন বিগাড়ে
বিগাড়ে জান্কী মায়ী—
পওননন্দন হালুয়ান বিগাড়ে
বিগাড়ে লঙ্কা জ্বালায়ী—
রাবণকো মন্দদরিয়া বুঝায়ি।

—•—

দোনো বাংগালী লাগ গিয়া! মরণে দেও শ্বশুরা লোক কো! দোনো মর্ যায় তো আচ্ছা হোই!

———



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

KA-10



**দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সুতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



**অরবিন্দ এণ্ড সন্স**

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত